# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৬৯৮

১/ বিবিধ

আরবী

إن فاتحة الكتاب وآية الكرسي والآيتين من (آل عمران) : (شهد الله أنه لا إله إلا هو الملائكة وألوالعلم قائما بالقسط لا إله إلا هو العزيز الحكيم. إن الدين عند الله الإسلام) و (قل اللهم مالك الملك تؤتي الملك من تشاء وتنزع الملك ممن تشاء وتعز من تشاء وتذل من تشاء) إلى قوله: (وترزق من تشاء بغير حساب) هن مشفعات، ما بينهن وبين الله حجاب، فقلن: يا رب! تهبطنا إلى أرضك وإلى من يعصيك؟ قال الله: بي حلفت لا يقرؤهن أحد من عبادي دبر كل صلاة إلا جعلت الجنة مأو اه على ما كان فيه، وإلا أسكنته حظيرة الفردوس، وإلا قضيت له كل يوم سبعين حاجة أدناها المغفرة

موضوع

رواه ابن حبان في " المجروحين " (1 / 218) وابن السني (رقم 322) وعبد الخالق الشحامي في " الأربعين " (2 / 26) عن محمد بن زنبور عن الحارث بن عمير: حدثنا جعفر بن محمد عن أبيه عن جده عن علي بن أبي طالب مرفوعا.

وقال ابن حبان: " موضوع لا أصل له، والحارث كان ممن يروي عن الأثبات الموضوعات ". قلت: وثقه المتقدمون مثل ابن معين وغيره، لكن قال الذهبي في " الميزان ": " وما أراه إلا بين الضعف، فإن ابن حبان قال في " الضعفاء ": روى عن الأثبات الأشياء الموضوعات، وقال الحاكم: روى عن حميد وجعفر الصادق أحاديث موضوعة ". زاد في " المغني ": " قلت: أنا أتعجب كيف خرج له النسائي ".

ثم ساق له الذهبي أحاديث هذا أحدها، ثم قال: " قال ابن حبان: موضوع لا أصل له ". وأقره في " الميزان " والحافظ في " التهذيب " ولكنه قال: والذي يظهر لي أن العلة فيه ممن دون الحارث "، ومال إليه الشيخ المعلمي رحمه الله في " التنكيل " (2 / 223) .
قلت: بل علته الحارث هذا، لأن مدار الحديث على محمد بن زنبور عنه، وابن زنبور لم يتهمه أحد، بخلاف الحارث فقد علمت قول ابن حبان والحاكم فيه، بل كذبه ابن خزيمة كما يأتي فهو آفة هذا الحديث، وقد أورده ابن الجوزي في " الموضوعات " وقال: (1 / 245) : " تفرد به الحارث قال ابن حبان: كان يروي عن الأثبات الموضوعات، روى هذا الحديث ولا أصل له.
وقال ابن خزيمة: الحارث كذاب، ولا أصل لهذا الحديث ". وتعقبه السيوطي في " اللآليء " (1 / 229 ـ 230) بأمرين: الأول: ما سبق من توثيق بعضهم للحارث، وهذا لا يجدي شيئا بعد طعن ابن حبان وغيره فيه وروايته لهذا الحديث الذي يعترف ابن حبان والذهبي بوضعه ويوافقهم الحافظ ابن حجر كما يشير إليه قوله السابق في " التهذيب ". الثاني: بقوله: وقد ورد بهذا اللفظ من حديث أبي أيوب. ثم ساقه. وفي إسناده كذاب كما يأتي، فما فائدة الاستشهاد به؟! (فائدة هامة) : قال ابن الجوزي عقب الحديث: " قلت: كنت قد سمعت هذا الحديث في زمن الصبا فاستعملته نحوا من ثلاثين سنة لحسن ظني بالرواة، فلما علمت أنه موضوع تركته، فقال لي قائل: أليس هو استعمال خير؟ قلت: استعمال الخير ينبغي أن يكون مشروعا، فإذا علمنا أنه كذب خرج عن المشروعية ". أقول: وإذا خرج عن المشروعية فليس من الخير في شيء، فإنه لوكان خيرا لبلغه صلى الله عليه وسلم أمته، ولوبلغه، لرواه الثقات، ولم يتفرد بروايته من يروي الطامات عن الأثبات. وإن فيما حكاه ابن الجوزي عن نفسه لعبرة بالغة، فإنها حال أكثر علماء هذا الزمان ومن قبله، من الذين يتعبدون الله بكل حديث يسمعونه من مشايخهم، دون أي تحقق منهم بصحته، وإنما هو مجرد حسن الظن بهم. فرحم الله امرأ رأى العبرة بغيره فاعتبر. وحديث أبي أيوب المشار إليه هو (الاتي)

বাংলা

৬৯৮। নিশ্চয় সূরা ফাতিহাহ, আয়াতুল কুরসী এবং সূরা আল-ইমরানের দুই আয়াত-

(شهد الله أنه لا إله إلا هو الملائكة وألوالعلم قائما بالقسط لا إله إلا هو العزيز الحكيم. إن الدين عند الله الإسلام)

(قل اللهم مالك الملك تؤتي الملك من تشاء وتنزع الملك ممن تشاء وتعز من تشاء وتذل من تشاء ... وترزق من تشاء بغير حساب)

পর্যন্ত পাঠকারীর জন্য সবই গ্রহণীয় শাফায়াত। সেগুলো এবং আল্লাহর মধ্যে কোন পর্দা থাকে না। অতঃপর আমরা বললাম হে প্রতিপালক। তুমি কি আমাদেরকে তোমার যমীনে এবং তোমার অবাধ্য ব্যক্তির নিকট নামিয়ে দিবে? আল্লাহ বললেনঃ আমি আমার নিজের কসম করে বলছিঃ আমার বান্দাদের থেকে যদি কেউ প্রতিটি সালাতের পরে সেগুলো পাঠ করে, তাহলে জান্নাতকে তার আশ্রয় স্থল বানিয়ে দিব। পরিবেষ্টিত জান্নাতুল ফিরদাউসকে বাসস্থান হিসাবে নির্ধারিত করে দিব। প্রতিদিন তার সত্তরটি প্রয়োজনীয়তাকে পূর্ণ করে দিব, যার সর্ব নিম্নটা হচ্ছে তাকে ক্ষমা করে দেয়া।

হাদীছটি জাল।

এটি ইবনু হিব্বান "আল-মাজরূহীন" (১/২১৮) গ্রন্থে, ইবনুস সুন্নী (৩২২) এবং আব্দুল খালেক আশ-শাহহামী "আল-আরবাউন" (২/২৬) গ্রন্থে মুহাম্মাদ ইবনু যাম্বূর হতে তিনি আল-হারেছ ইবনু উমায়ের হতে তিনি জাফার ইবনু মুহাম্মাদ হতে ... বর্ণনা করেছেন।

ইবনু হিব্বান বলেনঃ হাদীছটি বানোয়াট, এটির কোন ভিত্তি নেই। এই আল-হারেছ নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে জাল হাদীছ বর্ণনাকারীদের অন্তর্ভুক্ত।

আমি (আলবানী) বলছিঃ পূর্ববর্তীগণ যেমন ইবনু মাঈন ও অন্য বিদ্বানগণ তাকে নির্ভরযোগ্য বলেছেন। কিন্তু হাফিয যাহাবী “আল-মীযান” গ্রন্থে বলেনঃ তার মধ্যে শুধুমাত্র দুর্বলতাই সুস্পষ্ট। কারণ ইবনু হিব্বান "আয-যোয়াফা" গ্রন্থে বলেনঃ তিনি নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে বহু বানোয়াট হাদীছ বর্ণনা করেছেন। হাকিম বলেনঃ তিনি হুমায়েদ এবং জাফার আস-সাদেক হতে বানোয়াট হাদীছ বর্ণনা করেছেন। তিনি "আল-মুগনী" গ্রন্থে আরো বলেনঃ আমি আশ্চর্য হচ্ছি ইমাম নাসাঈ তার থেকে কিভাবে হাদীছ বর্ণনা করেছেন। তার পর যাহাবী তার কতিপয় হাদীছ উল্লেখ করেছেন। এটি সেগুলোর একটি। অতঃপর বলেছেনঃ ইবনু হিব্বান বলেনঃ হাদীছটি বানোয়াট, এটির কোন ভিত্তি নেই। তিনি নিজেও "আল-মীযান" গ্রন্থে তা স্বীকার করেছেন। হাফিয ইবনু হাজারও “আত-তাহীব” গ্রন্থে তাকে সমর্থন করেছেন। তবে তিনি বলেছেনঃ হাদীছটির সমস্যা হচ্ছে হারেছের নীচের ব্যক্তির মধ্যে।

আমি (আলবানী) বলছিঃ বরং এই হারেছই সমস্যা। কারণ তাদের নীচের ব্যক্তি মুহাম্মাদকে কেউ মিথ্যার দোষে দোষী করেননি।

ইবনুল জাওযী হাদীছটি “আল-মাওযূ’আত” (১/২৪৫) গ্রন্থে উল্লেখ করে বলেছেনঃ হারেছ হাদীছটি এককভাবে বর্ণনা করেছেন। ইবনু হিব্বানের মন্তব্যগুলোও উল্লেখ করেছেন। অতঃপর বলেছেন, ইবনু খুযায়মাহ বলেছেনঃ হারেছ মিথ্যুক। এ হাদীছটির কোন ভিত্তি নেই।

সুয়ূতী "আল-লাআলী" (১/২২৯-২৩০) গ্রন্থে দুটি কথা উল্লেখ করে তার সমালোচনা করেছেনঃ

১। কেউ কেউ হারেছকে নির্ভরযোগ্য বলেছেন। তাদের একথা গ্রহণযোগ্য নয়। কারণ পূর্বের ইমামদের বক্তব্য তাদের প্রতিবাদের জন্য যথেষ্ট।

২। অন্য সূত্রেও হাদীছটি বর্ণিত হয়েছে। কিন্তু তার সনদে মিথ্যুক বর্ণনাকারী রয়েছেন। তার সম্পর্কে আগত হাদীছটিতে আলোচনা আসবে।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=71577

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন